গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৩.১৪-২২১

তারিখ : ২১ ডিসেম্বর ২০১৪
০৮ পৌষ ১৪২১

## প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব মোঃ আবদুস সালাম (পরিচিতি নম্বর ০০৫১৭০), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ: দা:), রাজশাহী জোন, রাজশাহী ২০১৩-২০১৪ অর্থবছরে রাজশাহী জোনের পিএমপি (সড়ক) এর ৬টি প্যাকেজের দরপত্র আহবান ও প্রস্তাব মূল্যায়নে অহেতুক বিলম্ব করেন। শুষ্ক ও কাজের মৌসুম চলমান থাকায় দ্রুত দরপত্র কার্যক্রম শেষ করার বাস্তব প্রয়োজন থাকা সত্ত্বেও রাজশাহী, নওগাঁ ও নবাবগঞ্জ সড়ক বিভাগের ৩টি প্যাকেজের দরপত্র প্রক্রিয়াকরণের ক্ষেত্রে যুক্তিসংগত কারণ ব্যতীত প্রথমেই দরপত্র দাখিলের জন্য পিপিআর ২০০৮ এর ৬১(৪) বিধি অনুযায়ী নির্ধারিত ন্যূনতম ২৮ দিনের স্থলে ৪৬ দিন সময় দিয়ে গত ১২.১১.২০১৩ তারিখে দরপত্র আহবান করেন;

এবং

যেহেতু, আপনি পরবর্তীতে ২৯.১২.২০১৩ এবং ০৬.০১.২০১৪ তারিখে ০২ (দুই) বার সংশোধনী বিজ্ঞপ্তির মাধ্যমে দরপত্র দাখিলের জন্য ১৩.০১.২০১৪ তারিখ পর্যন্ত মোট ১৪ দিন সময় বৃদ্ধি করেন। দরপত্র দাখিলের পর দরপত্র প্রস্তাব মূল্যায়নকালে পিপিআর ২০০৮ এর ৮(১৪) বিধিতে উল্লিখিত ২১ দিনের চেয়ে অতিরিক্ত আরো ১২দিন সময় নিয়ে দরপত্র প্রস্তাব মূল্যায়ন করে গত ১৬.০২.২০১৪ তারিখে প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর বরাবর প্রেরণ করেন ;

এবং

যেহেতু, আপনি একইভাবে সিরাজগঞ্জ, নাটোর ও পাবনা সড়ক বিভাগের ০৩টি প্যাকেজের দরপত্র প্রক্রিয়াকরণের ক্ষেত্রে যুক্তিসংগত কারণ ব্যতীত প্রথমেই দরপত্র দাখিলের জন্য পিপিআর ২০০৮ এর ৬১(৪) বিধি অনুযায়ী নির্ধারিত ন্যূনতম ২৮ দিনের স্থলে ৪৩ দিন সময় দিয়ে গত ১১.১১.২০১৩ তারিখে দরপত্র আহবান করেন;

এবং

যেহেতু, আপনি পরবর্তীতে ২২.১২.২০১৩, ৩১.১২.২০১৩ ও ০৭.০১.২০১৪ তারিখে ০৩ (তিন) বার সংশোধনী বিজ্ঞপ্তি দিয়ে দরপত্র দাখিলের জন্য ১৩.০১.২০১৪ তারিখ পর্যন্ত সময় দিয়ে ২১ দিন সময় বৃদ্ধি করেন। দরপত্র দাখিলের পর দরপত্র প্রস্তাব মূল্যায়নকালে পিপিআর ২০০৮ এর ৮(১৪) বিধিতে উল্লিখিত ২১ দিনের চেয়ে অতিরিক্ত আরো ১২দিন সময় নিয়ে দরপত্র প্রস্তাব মূল্যায়ন করে গত ১৬.০২.২০১৪ তারিখে প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর বরাবর প্রেরণ করেন ;

এবং

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ হওয়ায় বিভাগীয় মামলা নম্বর ১৩/২০১৪ রুজু করা হয়;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন আপনাকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। আপনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা আপনার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, আপনি গত ০৫-১১-২০১৪ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ৩০-১১-২০১৪ তারিখে আপনার শুনানী গ্রহণ করা হয়;

এবং

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত বক্তব্য ও শুনানীকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনায় ও প্রাসঙ্গিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে প্রতীয়মান হয়েছে যে, সে সময়ে বিভিন্ন কর্মসূচির কারণে সময় বৃদ্ধির প্রেক্ষাপট থাকলেও প্রথমে বেশী সময় দিয়ে দরপত্র আহ্বান পরিস্থিতি বিচক্ষণতার পরিচয় দিয়ে এড়ানো সম্ভব ছিল।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

এবং

এক্ষণে, সার্বিক বিবেচনায় এবং তদ্‌সময়ে বিদ্যমান পরিস্থিতির প্রেক্ষাপটে জনাব মোঃ আবদুস সালাম (পরিচিতি নম্বর ০০৫১৭০), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ: দা:), রাজশাহী জোন, রাজশাহী-কে বিভাগীয় মামলা নম্বর ১৩/২০১৪ হতে অব্যাহতি প্রদান করা হল। তবে ভবিষ্যতে যাতে অনুরূপ ঘটনা না ঘটে সেজন্য আপনাকে ভবিষ্যতের জন্য সতর্ক করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৩.১৪-২২১/১(১৪)

তারিখ : ২২ ডিসেম্বর ২০১৪ / ০৮ পৌষ ১৪২১

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সিনিয়র সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
০৫. ভারপ্রাপ্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (**প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল**)।
০৮. জনাব মোঃ আবদুস সালাম (০০৫১৭০), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ: দা:), রাজশাহী জোন, রাজশাহী।
০৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**প্রজ্ঞাপনটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল**)।
১১ উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (**প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বারকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল**)।
১২. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল**)।
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

২২.১২.১৪

(রওশন আরা বেগম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৫৫১৯